**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১৬০/২০১৭-১৮**

**ঢাকা, বৃহস্পতিবার ১৫ ফেব্রুয়ারি ২০১৮, ৩ ফাল্গুন ১৪২৪**

১। পরিবেশবান্ধব শস্য উৎপাদন পদ্ধতি উদ্ভাবন করুন : কৃষিবিদ ও গবেষকদের প্রতি রাষ্ট্রপতির আহ্বান

২। দুর্নীতিবাজদের অবশ্যই বিচার হবে : রোমে সংবর্ধনায় প্রধানমন্ত্রী

৩। হাওরে বাঁধ রক্ষণাবেক্ষণ কাজে স্বচ্ছতা নিশ্চিতে পিআইসি গঠনপ্রক্রিয়া যুগোপযোগী করা হয়েছে সংসদে পানিসম্পদমন্ত্রী

৪। বর্তমানে দেশে ১০৬টি বিদ্যুৎ প্ল্যান্ট চালু আছে : সংসদে বিদ্যুৎ প্রতিমন্ত্রী

৫। অপরাধীকে বর্জন করুন : মিডিয়ার প্রতি তথ্যমন্ত্রী

৬। কোস্টগার্ডে যুক্ত হবে ড্রোন, হেলিকপ্টার, অফশোর পেট্রোল ভেসেল : প্রতিষ্ঠাবার্ষিকীতে স্বরাষ্ট্রমন্ত্রী

৭। খাদ্য মজুদে রেকর্ড : বর্তমানে ১৩ লাখ টন, জুনে দাঁড়াবে ১৮ লাখ

৮। রোহিঙ্গা ইস্যুতে আরও সোচ্চার হতে হবে : জাতিসংঘ নিরাপত্তা পরিষদের বৈঠকে প্রতিনিধিবর্গ

৯। সাভার ও গাজীপুরে হচ্ছে শ্রম আদালত : শ্রম প্রতিমন্ত্রী

১০। জেলা জজ পদে ১২৮ অতিরিক্ত জেলা জজের পদোন্নতি

চলমান পাতা-২

**১। পরিবেশবান্ধব শস্য উৎপাদন পদ্ধতি উদ্ভাবন করুন : কৃষিবিদ ও গবেষকদের প্রতি রাষ্ট্রপতির আহ্বান**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ দেশের কৃষিবিদ এবং গবেষকদের গবেষণালব্ধ জ্ঞান কাজে লাগিয়ে টেকসই ও দুর্যোগসহিষ্ণু শস্য জাত উদ্ভাবনের আহ্বান জানিয়েছেন। গতকাল (১৪ ফেব্রুয়ারি বুধবার) রাজধানীর ফার্মগেট কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ অডিটরিয়ামে কৃষি পদক প্রদান অনুষ্ঠানের ভাষণে রাষ্ট্রপতি বলেন, 'জলবায়ু পরিবর্তনে বিশ্বব্যাপী জীববৈচিত্র্যের ওপর বিরূপ প্রভাব পড়েছে এবং যদি পরিবেশ দূষণ বন্ধ করা না যায় তাহলে এ পরিস্থিতির আরও অবনতি ঘটবে। এ অবস্থা কাটিয়ে উঠতে কৃষিবিদ ও গবেষকদের উপায় খুঁজে বের করতে হবে।' সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

**২। দুর্নীতিবাজদের অবশ্যই বিচার হবে : রোমে সংবর্ধনায় প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, দেশের শান্তি ও উন্নয়ন নিশ্চিত করতে হলে যারা দুর্নীতি, সন্ত্রাস করবে এবং জঙ্গিবাদে জড়াবে তাদের অবশ্যই বিচার করতে হবে। প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা গত ১৩ ফেব্রুয়ারি মঙ্গলবার রাতে রোমের পার্কো দি প্রিনসিপি গ্রান্ড হোটেল অ্যান্ড এসপিএ'তে আওয়ামী লীগের ইতালি শাখা আয়োজিত এক সংবর্ধনা অনুষ্ঠানে একথা বলেন। এ সময় তিনি পদ্মা সেতু নির্মাণ নিয়ে বিশ্বব্যাংকের কল্পিত দুর্নীতির অভিযোগের প্রসঙ্গ উত্থাপন করেন। তিনি বলেন, এটি কানাডার আদালতেই প্রমাণ হয়েছে যে, পদ্মা সেতু প্রকল্পে কোনো দুর্নীতি হয়নি। তিনি বলেন 'আমি বলেছিলাম আমি দুর্নীতি করার জন্য ক্ষমতায় আসিনি। আমি জনগণের ভাগ্য পরিবর্তনের জন্যই ক্ষমতায় এসেছি। নিজেদের ভাগ্য পরিবর্তনের জন্য নয়'। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৩। হাওরে বাঁধ রক্ষণাবেক্ষণ কাজে স্বচ্ছতা নিশ্চিতে পিআইসি গঠনপ্রক্রিয়া যুগোপযোগী করা হয়েছে সংসদে পানিসম্পদমন্ত্রী**

পানিসম্পদ মন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু জানিয়েছেন, হাওর এলাকায় 'কাজের বিনিময়ে টাকা (কাবিটা)' প্রকল্পের আওতায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের রাজস্ব বাজেটের অর্থায়নে বাঁধের সকল রুটিন মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে স্বচ্ছতা, জবাবদিহিতা ও জনসম্পৃক্ততা নিশ্চিতকল্পে 'প্রজেক্ট ইমপ্লিমেন্টেশন কমিটি (পিআইসি)' গঠনপ্রক্রিয়া, কার্যপ্রক্রিয়া অতি সম্প্রতি যুগোপযোগী করা হয়েছে। গতকাল (১৪ ফেব্রুয়ারি বুধবার) জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে মন্ত্রী একথা জানান। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৪), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.১)।

**৪। বর্তমানে দেশে ১০৬টি বিদ্যুৎ প্ল্যান্ট চালু আছে : সংসদে বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু বলেছেন, ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে পরিণত হতে হলে আমাদের বিদ্যুৎ ও জ্বালানিখাতে বিনিয়োগ করতে হবে ৭১.৫ বিলিয়ন ডলার। এ সময়ে দরকার হবে ৬০ হাজার মেগাওয়াট বিদ্যুৎ। গতকাল (১৪ ফেব্রুয়ারি বুধবার) জাতীয় সংসদে রাষ্ট্রপতির ভাষণের ধন্যবাদ প্রস্তাবের ওপর আলোচনায় অংশ নিয়ে প্রতিমন্ত্রী এ কথা বলেন। তিনি আরো বলেন, বর্তমানে দেশে ১০৬টি বিদ্যুৎ প্ল্যান্ট চালু আছে। আমরা এ খাতে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) ১৬০ শতাংশ অর্জন করেছি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৭)।

**৫। অপরাধীকে বর্জন করুন : মিডিয়ার প্রতি তথ্যমন্ত্রী**

বিচারের পর অপরাধীকে বীর না বানিয়ে, তাকে বর্জনের জন্য গণমাধ্যমকে সোচ্চার হওয়ার আহ্বান জানিয়েছেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। গতকাল (১৪ ফেব্রুয়ারি বুধবার) বাংলাদেশ প্রেস কাউন্সিল দিবস ২০১৮ উপলক্ষে বাংলাদেশ প্রেস কাউন্সিল আয়োজিত এক অনুষ্ঠানে তিনি গণমাধ্যমের উদ্দেশ্যে এ আহ্বান জানান। এতে বিশেষ অতিথি ছিলেন তথ্য প্রতিমন্ত্রী তারানা হালিম। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.৩,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১)।

**৬। কোস্টগার্ডে যুক্ত হবে ড্রোন, হেলিকপ্টার, অফশোর পেট্রোল ভেসেল : প্রতিষ্ঠাবার্ষিকীতে স্বরাষ্ট্রমন্ত্রী**

কোস্টগার্ডকে আরও আধুনিক করার পরিকল্পনা সরকারের রয়েছে। আরও শক্তি বৃদ্ধি করতে বাহিনীটিতে যুক্ত করা হবে ড্রোন, হেলিকপ্টার, অফশোর পেট্রোল ভেসেলসহ আধুনিক যন্ত্রপাতি। স্বল্প জনবল নিয়েও বাহিনীটি দেশের অর্থনীতিতে ইতিবাচক ভূমিকা রাখছে। বিশেষকরে ভৌগোলিক নির্দেশক ইলিশ মাছ রক্ষা করে দেশবাসীর কাছে এবং বৈদেশিক মুদ্রা আহরণের ক্ষেত্রে ব্যাপক সাফল্য দেখিয়েছে বাহিনীটি। গতকাল (১৪ ফেব্রুয়ারি বুধবার) শেরেবাংলা নগর কোস্টগার্ড সদরদফতরে প্রধান অতিথি হিসেবে বাহিনীটির ২৩তম প্রতিষ্ঠা বার্ষিকীর উদ্বোধন অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.১৯,ক.২), **ডেইলি স্টার** (পৃ.৪,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**৭। খাদ্য মজুদে রেকর্ড : বর্তমানে ১৩ লাখ টন, জুনে দাঁড়াবে ১৮ লাখ**

সরকারের খাদ্য মজুদ রেকর্ড পর্যায়ে উন্নীত হতে যাচ্ছে। বর্তমানে এ মজুদ দাঁড়িয়েছে সাড়ে ১৩ লাখ মেট্রিক টন। জুনে মোট মজুদ ১৮ লাখ ছাড়িয়ে যাবে বলে একটি সংবাদমাধ্যমে আশা প্রকাশ করেছেন খাদ্যমন্ত্রী কামরুল ইসলাম। এর আগে সর্বোচ্চ মজুদ ছিল ২০১৫ সালের অক্টোবরে ১৬ লাখ ৪১ হাজার মেট্রিক টন। সংশ্লিষ্ট সূত্র জানায়, গত ১২ ফেব্রুয়ারি সোমবার খাদ্য অধিদফতরের তথ্যমতে দেশে বর্তমানে মজুদের পরিমাণ দাঁড়িয়েছে ১৩ লাখ ৪২ হাজার ৭৮ মেট্রিক টন। এর মধ্যে চাল রয়েছে ৯ লাখ ৮৮ হাজার ২৭৪ মেট্রিক টন এবং গম ৩ লাখ ৫৩ হাজার ৮০৪ মেট্রিক টন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২)।

**৮। রোহিঙ্গা ইস্যুতে আরও সোচ্চার হতে হবে : জাতিসংঘ নিরাপত্তা পরিষদের বৈঠকে প্রতিনিধিবর্গ**

রোহিঙ্গাদের প্রতি মিয়ানমার কর্তৃপক্ষের অন্যায় আচরণ ও উদ্ভূত সংকট সমাধানে বিশ্ববাসীকে আরও সোচ্চার হওয়ার আহ্বান জানিয়েছে জাতিসংঘের নিরাপত্তা পরিষদ। নিউইয়র্ক সময় গত ১৩ ফেব্রুয়ারি মঙ্গলবার বিকেলে জাতিসংঘ নিরাপত্তা পরিষদে রোহিঙ্গা ইস্যু নিয়ে বছরের প্রথম উন্মুক্ত বৈঠকে সদস্য দেশগুলোর নেতাদের প্রতি এ আহ্বান জানান সংস্থার শরণার্থীবিষয়ক হাইকমিশনার ফিলিপ্পো গ্রান্দি। কুয়েতের রাষ্ট্রদূত শেখ সাবাহ খালিদ আল হামাদের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, চীন, ফ্রান্স, সুইডেন, নেদারল্যান্ডস, পোল্যান্ড, বলিভিয়াসহ ১২ দেশের স্থায়ী প্রতিনিধিরা বক্তব্য দেন। বিষয়টি নিয়ে জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি মাসুদ বিন মোমেন বাংলাদেশ ও মিয়ানমার সফর করে রোহিঙ্গাদের বাস্তব অবস্থা মূল্যায়নের আহ্বান জানান। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৪), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৪), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)।

**৯। সাভার ও গাজীপুরে হচ্ছে শ্রম আদালত : শ্রম প্রতিমন্ত্রী**

সাভার ও গাজীপুরে দু'টি শ্রম আদালত প্রতিষ্ঠার চিন্তা সরকারের রয়েছে বলে জানিয়েছেন শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী মো. মুজিবুল হক চুন্নু। এছাড়া সিলেট ও রংপুরেও শ্রম আদালত স্থাপন করা হবে বলে জানান প্রতিমন্ত্রী। গতকাল (১৪ ফেব্রুয়ারি বুধবার) সচিবালয়ে ইউরোপীয় ইউনিয়নের একটি প্রতিনিধিদলের সঙ্গে বৈঠকের পরে তিনি সাংবাদিকদের এ তথ্য জানান। প্রতিমন্ত্রী বলেন, বর্তমান সরকার শ্রমিকবান্ধব সরকার। শ্রমিকের অধিকারের বিষয়টি সরকার সর্বোচ্চ গুরুত্ব দিয়ে দেখে। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

**১০। জেলা জজ পদে ১২৮ অতিরিক্ত জেলা জজের পদোন্নতি**

**১২৮** জন অতিরিক্ত জেলা জজকে জেলা জজ পদে পদোন্নতির বিষয়টি অনুমোদন করা হয়েছে। গতকাল (১৪ ফেব্রুয়ারি বুধবার) প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেনের নেতৃত্বে হাইকোর্ট বিভাগের সব বিচারপতির সমন্বয়ে অনুষ্ঠিত ফুলকোর্ট সভায় পদোন্নতির বিষয়টি অনুমোদন করা হয়। গত **৩** ফেব্রুয়ারি প্রধান বিচারপতি হিসেবে শপথ গ্রহণ করেন সৈয়দ মাহমুদ হোসেন। তাঁর দায়িত্ব গ্রহণের পর গতকালই প্রথম ফুলকোর্ট সভা অনুষ্ঠিত হয়। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.১), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.৪)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** ঢাকা-নারায়ণগঞ্জ রেলপথে যাত্রীসেবার মান বাড়ানোর ওপর গুরুত্বারোপ।

খ. **যায়যায়দিন :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোমভিত্তিক ইন্টারন্যাশনাল ফান্ড ফর এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট (ইফাদ) এর উদ্বোধনী অধিবেশনে গ্রামীণ জনগোষ্ঠীর আর্থসামাজিক পরিস্থিতির উন্নতিতে গ্রামীণ অর্থনীতিতে অধিকতর বিনিয়োগের জন্য উন্নয়ন সহযোগীদের আহ্বান জানানোর কথা উল্লেখ করে এর সাথে সাথে আমাদের নিজেদেরও গ্রামে বিনিয়োগ বাড়ানোর আহ্বান।

গ. **ভোরের কাগজ :** দেশে ফোর জি বা চতুর্থ প্রজন্মের মোবাইল এবং ইন্টারনেট সেবা শ্রীঘ্রই চালু হতে যাচ্ছে এ খবরে উচ্ছ্বাস প্রকাশ করে এর মাধ্যমে তথ্যপ্রযুক্তিখাতে দেশ আরেক ধাপ এগিয়েছে বলে মত প্রকাশ।

ঘ. **প্রথম আলো :** হিমাগার না থাকায় নেত্রকোনায় উৎপাদিত সবজির **২৫** শতাংশই নষ্ট হচ্ছে উল্লেখ করে সারাদেশে এ ধরনের অবস্থায় সবজি সংরক্ষণের জন্য হিমাগার স্থাপনের সুপারিশ।

ঙ. **ডেইলি সান :** হাজার হাজার বিচারাধীন মামলা পেন্ডিং থাকায় দেশের ৬৮টি কারাগারে বন্দীর সংখ্যা দ্বিগুণ হয়ে পড়ায় দ্রুত বিচার নিশ্চিত করাসহ কারাগারকে স্বাস্থ্যসম্মত রাখার সুপারিশ।

চ. **ডেইলি স্টার :** ফুটপাত দিয়ে মোটর সাইকেল চলাচলে নিষেধাজ্ঞা কঠোরভাবে প্রয়োগে আইনশৃঙ্খলা বাহিনীর প্রতি আহ্বান।

ছ. **নিউ এজ :** পুরান ঢাকায় ভবনসংলগ্ন বিদ্যুত সরবরাহ লাইন ও ট্রান্সমিটার থাকায় প্রায় বিদ্যুৎ দুর্ঘটনায় আগুন লাগার ঘটনা ঘটায় উদ্বেগ প্রকাশ করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে এ ব্যাপারে দ্রুত করণীয় নির্ধারণ করার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**আলোকিত বাংলাদেশ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, যুবসমাজকে নৈতিক অবক্ষয় থেকে রক্ষার জন্য বই পড়ার সংস্কৃতি চালু এবং সাংস্কৃতিক কর্মকাণ্ডে অংশগ্রহণ করার জন্য পরিকল্পনা গ্রহণ করতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত **'অর্থনৈতিক প্রবৃদ্ধি অগ্রগতির চালিকাশক্তি'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, সুশাসনের জন্য অর্থনৈতিক উন্নয়ন প্রয়োজন।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা